

Chapra Bangalji Mahavidyalaya

Department Of Sanskrit

Date: 08/04/2020

Study Material
For
4th Semester (Hons.)

ডাকঘর নাটক (রবীন্দ্রনাথ ঠাকুর)

CBM/SANS-HCC-T-9/Section-B/Unit-I

Prepared By

Asit Biswas

Dept. of Sanskrit, CBM

ডাকঘর নাটক (রবীন্দ্রনাথ ঠাকুর)

প্রস্তাবনা

নান্দী

সেই ব্রহ্মবিদ্যাস্বরূপিণী দেব-মানব-স্তুতা চিন্ময়ী ধ্যানের দ্বারা বোধ্যা দেবীকে বন্দনা করি, যিনি মঙ্গলময়ী, শুভ্রহাসিশোভিতা, ললিতরসময়ী, মন্তুকে বদ্ধ চন্দ্রলেখা যাঁর, মুক্তার মালা অঙ্গে শোভিতা, চন্দ্রবদনা এবং শুদ্ধসত্ত্বপ্রকাশযুক্তা ॥ ১ ॥

বাগ্‌দেবীর পদসন্নিকটস্থ শুভ্রকমলবনে সঞ্চরণরত, পুণ্যকীর্তি, বীণার সুন্দরধ্বনির দ্বারা কলরবমুখরে দিগ্‌-দিগন্ত পূরণ করতে করতে, জ্যোতির দ্বারা উজ্জ্বল, বরণীয়, শুভজয়তিলকশোভিত, বিশ্ববন্দিত, নিখিলভুবনমণিস্বরূপ কবিরাজ শ্রীরবীন্দ্র আমাদের জয়যুক্ত করুন ॥ ২ ॥

নান্দ্যভে

সূত্রধার : অহো, আজ কবি সার্বভৌম রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে তাঁর ডাকঘর নাটকের সংস্কৃত অনুবাদ বার্তাগৃহম্ আমরা অভিনয় করব।

নন্দী : আর্য, কেন এই সংস্কৃত অনুবাদ এবং কে সেটা অনুবাদ করেছেন ?

সূত্রধার : যে শাস্ত্রী ভারতীয় সংস্কৃতি কবিবরের দ্বারা (রবীন্দ্রনাথের দ্বারা) বন্দিত নন্দিত এবং সমাদৃত, তার চিরন্তনী জননী হল সুরবাণী সংস্কৃত ভাষা। সেইজন্য আমরা সংস্কৃতে অনুদিত নাটক অভিনয় করব।

শ্রীবিশ্বেশ্বর শর্মার পুত্র ধ্যানেশনারায়ন মর্মজ্ঞ কবির নাট্যের অনুবাদ করেছেন সংস্কৃত ভাষায়, যা মধুর ঝর্ণা তুল্য, বিদ্বানদের আনন্দদায়ী, করুণরসসিক্ত কাহিনীযুক্ত এবং ভাবোচ্ছল ॥ ৩ ॥

প্রস্তাবনা সমাপ্ত